53

দৈনিক সংবাদ

তারিখ ১ 1-JAN-1996

পৃষ্ঠা ৫ কলাম ৮

দিল্লী ওয়ার্ল্ড বুক ফেয়ার

# বাংলাদেশ থেকে যাচ্ছে ৯ সদস্যের লেখক প্রকাশক দল

॥ সালাম জুবায়ের ॥

আগামী ৩ থেকে ১১ই ফেব্রুয়ারি পর্যন্ত দিল্লীতে অনুষ্ঠিতব্য 'ওয়ার্ল্ড বুক ফেয়ার'-এ বাংলাদেশ থেকে সরকারিভাবে লেখক-প্রকাশকদের ন' সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল অংশ নেবে। এবার ওয়ার্ল্ড বুক ফেয়ার-এ দক্ষিণ এশিয়ার দেশগুলোর লেখকদের পক্ষে সেলিনা হোসেনকে বিশেষ অতিথি হিসেবে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা দেয়ার জন্য ন্যাশনাল বুক ট্রাস্ট অফ ইন্ডিয়া কর্তৃপক্ষ আমন্ত্রণ জানিয়েছেন।

প্রকাশনা প্রতিষ্ঠানের অংশগ্রহণের দিক দিয়ে এশিয়া আফ্রিকার সবচেয়ে বড় বইমেলা 'দিল্লীর ওয়ার্ল্ড বুক ফেয়ার'। ১৯৭২ সাল থেকে এই মেলা একবছর পর পর অনুষ্ঠিত হয়। এবার দিল্লীর প্রগতি ময়দানে অনুষ্ঠিতব্য মেলায় অংশ নিচ্ছে ৫০টিরও বেশি দেশের প্রকাশনা প্রতিষ্ঠান। প্রতি মেলায় একটি বিশেষ বিষয়কে 'ফোকাস' করা হয়। এবারের বিষয় 'দক্ষিণ এশিয়ার সাহিত্য ও প্রকাশনা'। এই বিষয়ে বিভিন্ন সেমিনার ও আলোচনা সভায় অংশগ্রহণের জন্য দক্ষিণ এশিয়ার সবগুলো দেশের কয়েকজন করে লেখক-প্রকাশককে আমন্ত্রণ জানানো হয়েছে।

বাংলাদেশ থেকে যাচ্ছেন ডঃ ওয়াকিল আহমেদ, ডঃ হুমায়ূন আহমেদ, আল মাহমুদ, সেলিনা হোসেন, গণগ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক বদিউর রহমান, জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক ওসমান গনি, ইউনিভার্সিটি প্রেস লিমিটেড-এর মহিউদ্দিন আহমেদ, আহমদ পাবলিশিং হাউস-এর মেজবাহউদ্দিন আহমেদ ও করিম ইন্টারন্যাশনালের নাজমুল করিম।

মহিউদ্দিন আহমেদ বইমেলা উপলক্ষে আয়োজিত দু'টি সেমিনারে প্রবন্ধ পড়বেন। মেলায় দক্ষিণ এশীয় লেখকদের নিয়ে 'সাউথ এশিয়ান রাইটার্স কনফারেন্স অন লিটারেচার ঃ কনটেমপোরারী চ্যালেঞ্জেস' অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ থেকে জাতীয় গ্রন্থকেন্দ্র মেলায় প্রদর্শনের জন্য দু' সহস্রাধিক বই নিয়ে যাচ্ছে। বাংলাদেশ প্যাভেলিয়ানে বই বিক্রিও হবে। বেসরকারিভাবে ইউপিএল সাড়ে ৪শ' টাইটেলের ৩ হাজার বই নিয়ে যাচ্ছে বিক্রির জন্য।